গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নং ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৪.২০১৪-৩৪২ তারিখঃ ০৪ মার্চ ২০১৯ খ্রি.

**অফিস আদেশ**

দেশের হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শনের মাধ্যমে হাসপাতালে সেবার মানোন্নয়ন, সেবাপ্রাপ্তি সহজীকরণ, নিরাপদ ও টেকসই কর্মপরিবেশ সৃষ্টি তথা জনসাধারণকে উন্নততর স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নরূপভাবে মনিটরিং টিম গঠন করা হলঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | দায়িত্বপ্রাপ্ত জেলা |
|---|---|---|
| ১ | যুগ্মসচিব (বিশ্বস্বাস্থ্য)<br>উপসচিব (পার-১)<br>উপসচিব(সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২) | ঢাকা, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল |
| ২ | যুগ্মসচিব (মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান)<br>উপসচিব (ক্রয় ও সংগ্রহ) | পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, নাটোর |
| ৩ | যুগ্মসচিব (অটিজম সেল)<br>উপসচিব (মেরামত) | চট্টগ্রাম, নোয়াখালী, ফেনী |
| ৪ | যুগ্মসচিব (নার্সিং ও মিডওয়াইফারি)<br>উপসচিব (পার-৩)<br>সিনিয়র সহকারী সচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১) | রাজবাড়ী, ফরিদপুর, মাগুরা, ঝিনাইদহ, নড়াইল |
| ৫ | যুগ্মসচিব (জনস্বাস্থ্য-২)<br>উপসচিব (বিশ্বস্বাস্থ্য-২) | গোপালগঞ্জ, বরিশাল, মাদারীপুর, শরীয়তপুর |
| ৬ | যুগ্মসচিব (পার-২)<br>উপসচিব (প্রশাসন-৪) | ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোণা |
| ৭ | যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন)<br>উপসচিব (প্রবা-১) | সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ |
| ৮ | যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা)<br>সিনিয়র সহকারী সচিব (প্রবা-২) | রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, কক্সবাজার |
| ৯ | যুগ্মসচিব (পার)<br>উপপ্রধান (অটিজম সেল) | পটুয়াখালী, বরগুনা, ভোলা, ঝালকাঠি |
| ১০ | যুগ্মসচিব (আইন ও নীতি)<br>উপসচিব (শৃঙ্খলা) | ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষ্মীপুর |
| ১১ | যুগ্মসচিব (বাজেট)<br>উপসচিব (নার্সিং সেবা-১) | রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম |
| ১২ | যুগ্মপ্রধান (পরিকল্পনা)<br>উপ-প্রধান (স্বাস্থ্য) | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, জয়পুরহাট |

| | | |
|---|---|---|
| ১৩ | যুগ্মসচিব (পরিচালক, এফএমএইউ)<br>উপসচিব (বিশ্বস্বাস্থ্য-১) | দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, নীলফামারী |
| ১৪ | উপসচিব (প্রশাসন-৩)<br>উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১) | কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, যশোর |
| ১৫ | উপসচিব (মানবসম্পদ)<br>উপসচিব (পার-৪) | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর |
| ১৬ | উপসচিব (প্রশাসন-১)<br>উপসচিব (নির্মাণ)<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) | নরসিংদী, নারায়ণগঞ্জ, গাজীপুর, কিশোরগঞ্জ, |

২। <u>মনিটরিং টিমের কর্মপরিধি</u>

২.১ প্রত্যেক টিম প্রতি মাসে কমপক্ষে ১ (এক) বার তাদের নামের পাশে উল্লিখিত জেলাসমূহের যে কোনো হাসপাতাল সরেজমিনে পরিদর্শন করবে।

২.২ টিম হাসপাতালে কর্মরত চিকিৎসক, নার্স ও কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি পর্যালোচনা করবে। কেউ অনুপস্থিত থাকলে তার সঠিক কারণ অনুসন্ধান করবে এবং এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন অনুবিভাগে প্রতিবেদন দিবে। বায়োমেট্রিক হাজিরার যন্ত্র চালু আছে কি না এবং কর্মরত সকল চিকিৎসকগণ বায়োমেট্রিক যন্ত্র ব্যবহার করেন কি না, তা যাচাই করবে।

২.৩ পরিদর্শনকালে হাসপাতালসমূহের অগ্নিকান্ড প্রতিরোধে গৃহীত ব্যবস্থা বিশদভাবে পর্যালোচনাপূর্বক তা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে।

২.৪ হাসপাতাল প্রাঙ্গণ, হাসপাতাল ভবনের প্রবেশপথ, বহিরাঙ্গন, করিডোর, ইনডোর, আউটডোর, ওটি, ওয়ার্ড, শৌচাগার, ডাক্তার ও নার্সদের আবাসিক ভবন, ড্রেনেজ ব্যবস্থা ইত্যাদি পরিষ্কার-পরিচ্ছন্ন ও সক্রিয় আছে কি-না তা সংশ্লিষ্ট টিম পর্যবেক্ষণ করবে।

২.৫ রোগ নির্ণয় ও চিকিৎসার সরঞ্জামাদি এবং হাসপাতালের অন্যান্য যন্ত্রপাতি ও যানবাহন/অ্যাম্বুলেন্স ইত্যাদি সক্রিয় আছে কি না, যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে কি না, অকেজো যন্ত্রপাতি সচল করার জন্য উদ্যোগ গ্রহণ করা হচ্ছে কি না, প্রয়োজন অনুযায়ী যন্ত্রপাতি সংগ্রহ করা হচ্ছে কি না, ইত্যাদি পরিদর্শন টিম যাচাই করবে।

২.৬ টিম হাসপাতালের বাস্তব অবকাঠামো পর্যবেক্ষণ করবে; কোনো উন্নয়ন কার্যক্রম চলমান থাকলে তা পর্যবেক্ষণ করবে এবং প্রতিবেদনে অন্তর্ভুক্ত করবে।

২.৭ হাসপাতালে সরবরাহকৃত ঔষধ যথাযথভাবে ব্যবহার হচ্ছে কিনা তা যাচাই করতে হবে এবং ঔষধের স্টক রেজিস্টার ও বিতরণ রেজিস্টার মিলিয়ে দেখতে হবে।

২.৮ কর্মপরিধির বাইরে পরিদর্শনকালে উল্লেখযোগ্য কোন বিষয় গোচরীভূত হলে তা প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

৩। অতিরিক্ত সচিবগণ প্রতিমাসে ন্যূনতম একটি জেলা সফর করে উক্ত জেলার হাসপাতালের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ পূর্বক সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) গঠিত মনিটরিং টিমসমূহের মধ্যে সমন্বয় সাধন করবেন। টিমসমূহ তাদের দায়িত্ব প্রাপ্ত জেলা সফরের পূর্বে ও পরে অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)-কে অবহিত করবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং এ সংক্রান্ত পূর্ববর্তী সকল আদেশ এতদ্বারা বাতিল করা হল। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/—

(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
ইমেইলঃ admin1@hsd.gov.bd

স্মারক নং ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৪.২০১৪-৩৪২ তারিখঃ ০৪ মার্চ ২০১৯ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট (তাঁর অধীন মাঠ পর্যায়ের সকল প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা
৪. যুগ্মসচিব/যুগ্ম প্রধান (সকল),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. পরিচালক, ......................মেডিকেল কলেজ হাসপাতাল (সকল),.................
৬. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৮. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য),............. বিভাগ, (সকল)
৯. অধ্যক্ষ, ..................................মেডিকেল কলেজ (সকল)...................
১০. উপসচিব/উপপ্রধান(সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১৪. উপ-পরিচালক/তত্ত্বাবধায়ক/সহকারী পরিচালক,................................হাসপাতাল (সকল), .......
১৫. সিভিল সার্জন (সকল), ............জেলা
১৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
১৭. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
১৯. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল),.................উপজেলা,............জেলা
২০. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

08.03.2019

(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব